

প্রতি:

মুহ: আনোয়ারুল ইকবাল

ডিরেকটর জেনারেল

র‍্যাপিড অ্যাকশান ব্যাটালিয়ন

মিনিস্ট্র অব হোম অ্যাফেয়ারস্

ঢাকা

বাংলাদেশ

ফ্যাকস্: + ৮৮০-২-৯৮৯৬-২৮৮৪

মাননীয় মুহ: আনোয়ারুল ইকবাল,

আপনার কাছে মিনতিসহকারে আরজি পেশ করছি রাফিক উল ইসলামের মুক্তি চেয়ে। রাফিক উল ইসলাম আন্তর্জাতিক ল্যান্ডমাইন নিরোধক সংস্থার বাংলাদেশীয় প্রতিনিধি (ICBL. International Campaign to Ban Landmines)।

শনিবার ২১শে অগাস্ট কক্স বাজারে র‍্যাপিড অ্যাকশান ব্যাটালিয়ন রাফিক উল ইসলামকে গ্রেফতার করে। সঙ্গের নথিপত্র ও সামগ্রিক বস্তুসমূহ আটক করা হয় গ্রেফতারকালীন।

২৮শে শনিবার অগাস্ট কোনো নির্দিষ্ট অভিযোগ ছাড়াই শুনানী হয়, এবং এই শুনানী শুরু হয় রাফিক উল ইসলামের আইনী পরামর্শদাতা ও তাঁর পারিবারিক সদস্যদের শুনানী সংবাদ প্রজ্ঞাপন ব্যতিরেকেই। সময়ের স্বলপতা হেতু আইনী পরামর্শদাতা ও তাঁর পারিবারিক সদস্যেরা অভিযুক্তের সপক্ষে সঠিক জবান তৈয়ারীতে ব্যর্থ হন। বর্তমানে, রাফিক র‍্যাপিড অ্যাকশান ব্যাটালিয়নের অধীনে গোপন স্থানে আটক, বিচারবিহীন এবং অনভিযুক্ত অবস্থায় আছেন।

রাফিক উল ইসলাম ICBL - র পক্ষের বাংলাদেশীয় সদস্যশাখা Treaty Implementation and Victim Assistance Working Group - র একজন সংযোজকরক্ষাকারী কর্মী। ICBL র আন্তর্জাতিক কর্মশাখা ৯০ টি দেশে অবস্থিত। ১৪০০ সংখ্যক নানা বেসরকারী সংস্থার সাথে ICBL জড়িত। ICBL সংস্থা ১৯৯৭ সালের নোবেল শান্তি পুরস্কার সহ-বিজেতা।

রাফিক ICBL -র একজন সক্রিয় কর্মী। ICBL-এর পক্ষে ২০০০ সাল অদ্যাবধি রাফিক Landmine Monitor Report -এ বাংলাদেশ অধ্যায় সংক্রান্ত ব্যাপারে তথ্যপেশকারী লেখক, যা তাকে বাংলাদেশ সরকারের সাথে ল্যান্ডমাইন শিকারদের উন্নতিসাধনে একান্তভাবে সাহায্য করেছে। সারা পৃথিবীব্যাপী রাফিকের সহকর্মীরা রাফিকের গ্রেফতারী ও বিচারবিহীন আটকে রাখার খবরে শঙ্কিত ও উদ্ভিষ্ট।

আমি অনুরোধ করছি রাফিকের গ্রেফতারী ও বিচারবিহীনভাবে আটকে রাখার কারণ নিয়ে আপনার ঐকান্তিক সহযোগিতা ও যথাযথ তথ্য পরিবেশন। রাফিকের উকীল ও পারিবারিক সদস্যদের প্রত্যহ দেখা করার অধিকার মিলবার নিশ্চয়তার জন্য আমি আপনার কাছে মিনতিপূর্বক আবেদন করছি।

আপনার কাছে পুনঃপুনঃবার আরজি পেশ করছি রাফিকের শীঘ্রতম মুক্তির কামনায়।

ধন্যবাদান্তে।

ইতি